

একজন করগ্রাহী লেবি যীশুর সঙ্গে সাক্ষাতের জন্য পাপীদের একত্রিত করেছিলেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ S5b পাঠ করা উচিত

১. ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হাদয় এবং মন প্রস্তুত করুন।

প্রার্থনা : “প্রভু যীশু, তুমি সমস্ত জায়গায় মানুষ ও পরিবারকে প্রস্তুত কর যেন তারা সবাই তোমার অনুসরণকারী হয়। এই ধরনের লোকদের খুঁজে বের করতে এবং তাদের নিজস্ব গোষ্ঠীভুক্ত লোকদের সঙ্গে মিলিত হতে অনুগ্রহ করে তুমি আমাদের সাহায্য কর।”



মার্ক ২৪:১৪-১৭ পদে খুঁজুন, কিভাবে যীশু পাপীদের সঙ্গে তাদের বাড়ীতে মিলিত হতেন।

- যীশু করগ্রাহীদের সম্বন্ধে কি ভাবতেন (১৪ পদ)
- কে যীশুকে তার নিজের ঘরে খাবার আমন্ত্রণ জানিয়েছিল (১৫ পদ)
- আর অন্য কাদের লেবি তার বাড়ীতে আমন্ত্রণ জানিয়েছিল (১৫ দি)
- যীশু আর ঐ পাপীরা একসঙ্গে কি করছিল (১৬ পদ)
- যীশু কোন ধরনের মানুষদের অনুত্পন্ন হবার কথা বলেছিলেন (১৭ পদ)

প্রেরিত ১০:২৪-৩৩ পদে খুঁজুন কিভাবে পিতরের সঙ্গে তাদের বাড়ীতে মিলিত হতেন।

- কি ধরনের মানুষদের কর্ণেলিয় তাঁর বাড়ীতে আমন্ত্রণ জানিয়েছিলেন (২৪ পদ)
 - অবিশ্বাসীদের সঙ্গে পিতরের নতুন আচরণ কি ছিল (২৮ পদ)
 - কর্ণেলিয় কেন লোক পাঠিয়ে পিতরকে নিজের বাড়ীতে আসতে বলেছিলেন (৩০-৩২ পদ)
 - পিতরকে কর্ণেলিয় নিজেকে, তার আঢ়ায়া ও বন্ধুবান্ধবদের কি বলার জন্য আমন্ত্রণ জানিয়েছিলেন (৩৩ পদ)
- প্রেরিত ২৪:৩০-৩১ পদে খুঁজুন কিভাবে পৌল তাঁর গৃহে সকলকে গ্রহণ করতেন এবং তাদের সেখানে শিক্ষা দিতেন।
- পৌল কতদিন রোমে তাঁর ভাড়াটিয়া ঘরে থেকেছিলেন।
 - সেখানে সে সমস্ত লোক আসতে তাদের সঙ্গে তিনি কি বিষয়ে কথা বলতেন।

১ করিস্টীয় ১৪:২৪-২৬ পদে খুঁজুন যখন অবিশ্বাসীরা বিশ্বাসীদের দল দেখতে আসে তখন কিরকম আচরণ করা উচিত।

- দলে কত জন ব্যক্তির কথা বলার ও অন্যদের সঙ্গে বিভিন্ন বিষয় ভাগ করার অধিকার থাকা উচিত?
- বিশ্বাসীদের কি ধরনের বিষয় বলা উচিত?

টীকা : এই ধরনের দলে ভাববাদীর ন্যায় সব বিশ্বাসীরাই বলতে পারে। এটা শুধু সাম্ভানাদায়ক, উৎসাহদায়ক কথা হবে যা অন্যদের আধ্যাত্মিকভাবে উন্নতিসাধন করবে (১ করিস্টীয় ১৪:৩ পদ)।

- অবিশ্বাসীরা যখন দলের প্রতি বিশ্বাসীদের কথা শোনেন, তখন ঈশ্বর তাদের হাদয়ে কি করেন?

বিশ্বাসীরা ছোট দলের মধ্যে খুব সহজে দুটো জিনিস করতে পারেং:

- ১) নতুন বিশ্বাসীরা সহজে তাদের অবিশ্বাসী বন্ধু বা আত্মীয়দের যীশুর বিষয়ে দেখার জন্য একটা ছোট দলে আনতে পারে, যেমন সকেয়, মথি, কগীলিয় করেছিলেন, লুক ১৯:১-১০, মথি ১৯:৯-১৩ এবং প্রেরিত ১০:২২-২৪।
- ২) পরিপক্ষ বিশ্বাসীগণ একটি প্রেমপূর্ণ মণ্ডলীতে পরস্পরের সেবা সম্পর্কিত যীশুর ‘পারস্পরিক’ আজ্ঞাগুলো পারস্পরিক ত্রিয়া হিসাবে খুব সহজেই অনুশীলন করতে পারেন। দলটি ক্ষুদ্র হতে হবে যাতে প্রত্যেকে শুনতে পায় এবং সক্রিয়ভাবে অংশ গ্রহণ করতে পারে। নতুন বিশ্বাসীরা লজ্জা পেতে পারে, সুতরাং তাদেরকে প্রস্তুত না হওয়ার পর্যন্ত সকলের সামনে কথা বলার জন্য জোড় করবেন না।

যাই হোক, কেবলমাত্র ছোট দলের সভা বা গৃহমণ্ডলী আশ্চর্ষ করে না যে সেই দল এই দুটি বিষয় করবে। কোন কোন সময় ঐতিহ্যশালী মণ্ডলীতে বিশ্বাসীরা অসাড় হয়ে ‘কেবল শোনে’ অথবা যারা জানে কেবলমাত্র প্রথাগত শ্রেণীকক্ষ নির্দেশ যা পরস্পরের উপর ত্রিয়াকে উপেক্ষা করে, এই সমস্ত ভুল তাদের মধ্যে থাকে এবং সেগুলি ছোট দলে প্রবেশ করে।

২. পরবর্তী সপ্তাহের কার্যকলাপের জন্য আপনার সহকর্মীর সঙ্গে পরিকল্পনা করুন।


- যদি অবিশ্বাসীরা শিখতে চায়, তাহলে তাদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং অন্যদের যারা যীশুর বিষয়ে শুনতে চায় তাদের জোগাড় করে তাদের বাড়ীতে আনতে বলুন।
- যদি উপাসকমণ্ডলীতে নতুন বিশ্বাসী থাকে তবে তাদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং তাদের অবিশ্বাসী বন্ধুদের ও আত্মীয়দের জোগাড় করে তাদের বাড়ীতে আনতে বলুন যীশুর বিষয়ে শোনার জন্য।
- এই ‘উপস্থিত দলের’ সঙ্গে পুরাতন নিয়মের একটি গল্পকে সম্পর্কযুক্ত করুন যেটা বুঝতে সাহায্য করবে যে সত্য এবং পবিত্র ঈশ্বর আমাদের প্রার্থনা শোনেন এবং তিনি সব আত্মার থেকে অধিক শক্তিশালী।

মহাপ্লাবন (আদিপুস্তক ৬:৫-২২), সদোমের বিনাস (আদিপুস্তক ১৮:২০, থেকে ১৯:২৯) এবং বালদেবের প্রতিমাপূজক যাজকগণ (১ রাজা ১৮)

- যীশুর একটি গল্পের সঙ্গেও সম্পর্কযুক্ত করুন যেটা দেখায় তাঁর প্রেম ও ক্ষমাশীলতা, সেই গল্পের মত যেটা আপনি উপরে প্রথম পর্বে শিখেছেন।
- বারবার সাক্ষাতের জন্য লোকদের আমন্ত্রণ জানান।
- নিমন্ত্রণ কর্তার সঙ্গে ব্যবস্থা করুন উপস্থিত লোকদের স্বাগতম জানানোর, তাদের মুখোমুখি বসানোর এবং সঠিক সাংস্কৃতিক উপায়ে সহভাগীতার।
- নীচের উপদেশগুলো লক্ষ্য করুন কিভাবে বাড়ীতে প্রচারকার্যীয় সভা পরিচালনা করতে হয়।

ছোট দলের মধ্যে চেয়ারের অথবা অন্য বসার ব্যবস্থা করতে হবে যাতে লোকেরা একে অন্যের সঙ্গে সহজে কথা বলতে পারে।

কোনটা বেশী ভাল, চেয়ারগুলোকে সারিতে সাজিয়ে রাখা, যাতে লোকেরা অন্য লোকদের মাথার পশ্চাদভাগ দেখতে পায় অথবা লোকেরা একে অন্যের সামনাসামনি থাকে? (উত্তরঃ লোকেরা একে অন্যের সঙ্গে অনেক ভাল করে কথা বলতে এবং শুনতে পারে, যদি চেয়ারগুলো মুখোমুখি থাকে)।



৩. আসন্ন উপাসনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আপনার দলের জন্য বর্তমান প্রয়োজনের উপযুক্ত কার্যকলাপ পছন্দ করুন।

চেলেমেয়েরা নাটকটি উপস্থাপন করবে এবং যে প্রশংসনো তারা প্রস্তুত করেছে, তা জিজ্ঞাসা করবে।

পড়ে বা মুখস্থ করে উপরের (প্রথম ভাগ) গল্পটি বলুন এবং একই প্রশ্ন জিজ্ঞাসা করুন।

আপনি ইচ্ছা করলে ফিলিপীয় কারারক্ষকের বাড়ীর জমায়েতের গল্পটি পড়তে পারেন এবং সেই সম্বন্ধে মন্তব্য করতে পারেন (প্রেরিত ১৬:২২-৩৪)।

উপাসনার মধ্যে প্রার্থনা করুন সব প্রচারকর্মীর গৃহ সভার জন্য যেগুলো পরিকল্পনা করা হয়েছে।


প্রচারকর্মীর গৃহ সভার জন্য পুনরায় নির্দেশণালী দেখুন (নিচে দেখুন)

সাম্প্রতিক প্রচারকর্মীয় গৃহ সভার সাক্ষ্য এবং রিপোর্ট জিজ্ঞাসা করুন।

প্রভুর ভোজ উপস্থাপনের জন্য, প্রেরিত ২:৪৩ পদ পড়ুন এবং ব্যাখ্যা করে বলুন প্রথম মণ্ডলী প্রভুর ভোজের পর্ব পালন করেছিল গৃহে।

প্রার্থনা, পরিকল্পনার নিশ্চিত করণ এবং পরম্পরাকে উৎসাহিত করার জন্য দু-তিনজনের কয়েকটি দল গঠন করুন।

সবাই একত্রে মুখস্থ করুন ১ করিষ্ঠীয় ১৪:২৪-২৫ পদ।



আপনি যদি নৃতন দলের জন্য নেতাদের প্রশিক্ষণ দেন এবং এখনও পৌল-তীমাথি অধ্যয়ণের AOf এর অন্তর্ভুক্ত “শিক্ষনবীশ পালকদের প্রশিক্ষণের জন্য নির্দেশাবলী” পাঠ না করে থাকেন, তবে এখনই তা করুন।